তারিখ 11 JUL 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

সমকাল

# সরকারি হচ্ছে ১৯৯ কলেজ

■ সমকাল প্রতিবেদক

সরকারি হচ্ছে দেশের ১৯৯ বেসরকারি কলেজ। এরই মধ্যে এ বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মতিও দিয়েছেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশে এসব কলেজে নিয়োগ বন্ধ করে পৃথক পরিদর্শন প্রতিবেদন দিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরকে নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। ঈদের ছুটির আগের দিন ৩০ জুন মন্ত্রণালয় এই নির্দেশনা দিলেও গতকাল রোববার সেটি মাউশিতে যায়।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ সিদ্ধান্তের সত্যতা স্বীকার করে বলেন, এসব কলেজ সরকারি করার সিদ্ধান্ত হয়ে গেছে। এখন আনুষ্ঠানিকতা শেষে প্রজ্ঞাপন জারি করা হবে।

শিক্ষা মন্ত্রণালয় জানায়, যেসব উপজেলায় সরকারি কলেজ নেই, সেগুলোতে একটি করে কলেজ সরকারি করার পরিকল্পনার অংশ হিসেবে এ সিদ্ধান্ত হয়েছে। এসব কলেজের আত্তীকৃত হওয়া শিক্ষকরা আপাতত অন্য সরকারি কলেজে বদলি হতে পারবেন না। মাউশির ভারপ্রাপ্ত মহাপরিচালক এসএম ওয়াহিদুজ্জামান জানান, তারা দ্রুত এসব কলেজে পরিদর্শন করে প্রতিবেদন জমা দেবেন।

জানা গেছে, বর্তমানে সারাদেশে ৩৩৫টি সরকারি কলেজ আছে। এর সঙ্গে এগুলো যুক্ত হবে। গত কয়েক বছরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কলেজ সরকারিকরণের ঘোষণা দিয়েছিলেন। তার ঘোষণার পর শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে মাউশি এসব কলেজ পরিদর্শন করে জমির পরিমাণ, শিক্ষার্থী সংখ্যা, ভৌত অবকাঠামোসহ বিভিন্ন তথ্য-উপাত্ত যাচাই-বাছাই শেষ করে মন্ত্রণালয়ে প্রতিবেদন জমা দেয়। শিক্ষা মন্ত্রণালয় এ প্রতিবেদন অর্থ মন্ত্রণালয়ে পাঠায়। অর্থ মন্ত্রণালয় থেকে এ খাতে অর্থ ছাড় করলেই শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হবে।